

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৫০

৯. পানীয় অধ্যায় (كتاب الأشرية)

পরিচ্ছেদঃ ১৪. কলসে নাবীয প্রস্তুত এবং এতে যা কিছু ভিজিয়ে রাখা হয় তা নিষিদ্ধ

بَابِ النَّهْيِ عَنْ نَبِيذِ الْجَرِّ وَمَا يُنْبَذُ فِيهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو زَيْدِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ قَالَ سَمِعْتُ أَبَا الْحَكَمِ قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ أَنْ سَمِعْتُهُ سُئِلَ عَنْ نَبِيذِ الْجَرِّ فَقَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْجَرِّ وَالدُّبَّاءِ وَسَأَلْتُ ابْنَ الزُّبَيْرِ فَقَالَ مِثْلَ قَوْلِ ابْنِ عَبَّاسٍ قَالَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَنْ الْجَرِّ وَالدُّبَاءِ وَسَأَلْتُ ابْنَ الزُّبِيْرِ فَقَالَ مِثْلَ قَوْلِ ابْنِ عَبَّاسٍ قَالَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ مَنْ سَرَّهُ أَنْ يُحَرِّمَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ أَوْ مَنْ كَانَ مُحَرِّمًا مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ فَلْيُحَرِّمُ النَّهُ وَرَسُولُهُ أَوْ مَنْ كَانَ مُحَرِّمًا مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ فَلْيُحَرِّمُ النَّهُ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهِ عَنْ الْجَرِّ وَالدُّبَّاءِ وَالْمُزَقَّتِ وَعَنْ الْبُسْرِ وَالتَّمْرِ

বাংলা

২১৫০. আবীল হাকাম বলেন, আমি ইবনু আব্বাস রাদ্য়াল্লাছ আনহুকে কলসে তৈরী করা নবীয় সম্পর্কে জিজ্ঞেস করলাম বা তাকে জিজ্ঞেস করতে শুনলাম। তখন তিনি বললেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কলস ও 'দুব্বা'(লাউয়ের খোল থেকে তৈরী পাত্র) থেকে নিষেধ করেছেন। আমি ইবনুয যুবাইর রাহি. কে জিজ্ঞেস করলাম, তিনিও ইবনু আব্বাস রাদ্য়াল্লাছ আনহু এর অনুরূপ কথা বললেন।

তিনি বলেন, ইবনু আব্বাস বলেন, যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাস্লের হারামকৃত বস্তুকে হারাম জেনে খুশী হয়, অথবা, যে আল্লাহ ও তাঁর রাস্লের হারামকৃত বস্তুকে হারাম জানে, সে যেনো নবীয়কে হারাম জানে।তিনি বলেন, আমার ভাই আবী সাঈদ খুদরী হতে বর্ণনা করেন, যে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কলস ও 'দুব্বা'(লাউয়ের খোল থেকে তৈরী পাত্র) ও মুযাক্ষাত (আলকাতরার প্রলেপযুক্ত পাত্রের ব্যবহার) থেকে এবং কাঁচা খেজুর ও পাকা খেজুর (এর নবীয) থেকে নিষেধ করেছেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।



তাখরীজ: আহমাদ ১/২৭, ২২৯; তায়ালিসী ১/৩৩৪ নং ১৬৯৯; তাবারাণী, কাবীর ১২/১৫২-১৫৩ নং ১২৭৩৮; মাওকৃফ হিসেবে বর্ণনাটি তাখরীজ করেছি মুসনাদুল মাওসিলী নং ২৩৪৪;

আর ইবনু যুবাইরের হাদীসটি আমরা তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী নং ৬৮০৯ তে।

আর আবী সাঈদ রাদ্বিয়াল্লাহু আনহু এর হাদীসটি বর্ণনা করেছেন মুসনাদুল মাওসিলী নং ১২২৩ তে, এর সনদে জাহালাত রয়েছে। তবে হাদীসটি সহীহ। দেখুন, মুসনাদুল মাওসিলী নং ১০৪১, ১১৩৯, ১১৭৬, ১১৭৭, ১২১১, ১৩২২, ১৪৪০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন